

PRINT

# সমকাল

## জাবি উপাচার্যকে লাল কার্ড দেখালেন আন্দোলনকারীরা

আজ থেকে দু'পক্ষের পাল্টাপাল্টি কর্মসূচি

১০ ঘণ্টা আগে

জাবি প্রতিনিধি



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলামের বিরুদ্ধে উন্নয়ন প্রকল্পে দুর্নীতির অভিযোগে তুলে তার পদত্যাগের দাবিতে এবার 'লাল কার্ড' দেখিয়েছেন আন্দোলনকারী শিক্ষক-শিক্ষার্থীরা। গতকাল মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারে উপাচার্যকে পদত্যাগের আলটিমেটামের শেষ দিনে এ কর্মসূচি পালন করেন তারা।

তবে পদত্যাগ না করার ব্যাপারে আগের অবস্থানে অনড় থাকার কথা জানিয়েছেন উপাচার্য ফারজানা ইসলাম। উপাচার্যপন্থি শিক্ষকরা বিবৃতি দিয়ে মানববন্ধন কর্মসূচি ঘোষণা করেছেন। অন্যদিকে পদত্যাগ না করায় আজ থেকে দু'দিন সর্বাত্মক ধর্মঘট কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছেন আন্দোলনকারীরা।

মঙ্গলবার দুপুরে উপাচার্য তার কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে পদত্যাগ করবেন না বলে জানান। তিনি বলেন, 'বিচার বিভাগীয় তদন্তের যে দায়িত্ব আমাকে আন্দোলনকারীরা দিয়েছে, সেটি অযৌক্তিক। আমি নিজের বিরুদ্ধে তদন্ত করতে বা চাইতে পারি না। এটি সরকার অথবা বিচার বিভাগ চিন্তা করবে। এখানে অযৌক্তিক দাবি নিয়ে আমাকে স্বেচ্ছায় পদত্যাগে আহ্বান করা হচ্ছে।'

'দুর্নীতির বিরুদ্ধে জাহাঙ্গীরনগর' ব্যানারে 'লাল কার্ড' প্রদর্শনের সময় আন্দোলনকারীদের মুখপাত্র দর্শন বিভাগের অধ্যাপক রায়হান রাইন বলেন, 'উপাচার্যকে আমরা আজকের (গতকাল) মধ্যে স্বেচ্ছায় পদত্যাগের আহ্বান জানিয়েছিলাম। কিন্তু উপাচার্য পদত্যাগ না করায় আমরা তার বিরুদ্ধে কাল (আজ) থেকে সর্বাত্মক আন্দোলনে যাব। এর অংশ হিসেবে আগামী দু'দিন (আজ বুধবার ও বৃহস্পতিবার) সর্বাত্মক ধর্মঘট পালন করা হবে।'

এ সময় শিক্ষকদের মধ্যে অধ্যাপক আব্দুল জব্বার হাওলাদার, জামাল উদ্দিন, মির্জা তাসলিমা সুলতানাসহ জাহাঙ্গীরনগর সাংস্কৃতিক জোট, ছাত্র ইউনিয়ন, ছাত্রফ্রন্ট, সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের বিশ্ববিদ্যালয় শাখার নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

অন্যদিকে দুর্নীতির অভিযোগকে মিথ্যা আখ্যা দিয়ে পাল্টা কর্মসূচি ঘোষণা করেছেন উপাচার্যপন্থি শিক্ষকরা। মঙ্গলবার উপাচার্যপন্থি শিক্ষকদের সংগঠন 'বঙ্গবন্ধু শিক্ষক পরিষদ' প্রেরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে বুধবার মানববন্ধন ও বৃহস্পতিবার দিনব্যাপী জনসংযোগ কর্মসূচির কথা জানানো হয়।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com